কুষ্টিয়ায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুনাক সভানেত্রী দিলরুবা আলমের শ্রদ্ধা নিবেদন

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে কুষ্টিয়া পুলিশ নারী কল্যান সমিতি (পুনাক) এর পক্ষ থেকে পুনাক সভানেত্রী মিসেস দিলরুবা আলম (সহধর্মিণী পুলিশ সুপার কুষ্টিয়া) বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেছেন।

রবিবার সকালে কুষ্টিয়ায় জাতির পিতার প্রতিকৃতিতে তিনি ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করে সূরা ফাতিহা পাঠ করেন।
বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের পর পুনাক সভানেত্রী মিসেস দিলরুবা আলম এই মহান নেতার প্রতি সম্মান প্রদর্শন করে সেখানে কিছুক্ষণ নীরবতা পালন করেন।

পুষ্পস্তবক অর্পণের পর স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারবর্গ সহ ১৫ আগস্ট শাহাদত বরণকারী সকল শহীদদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। মোনাজাতে দেশের অব্যাহত, শান্তি ও সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করা হয়।

এ সময় আরো উপস্থিত ছিলেন খায়রুন নেসা,সাধারণ সম্পাদিকা ও কোষাধ্যক্ষ (সহধর্মিণী অতিরিক্ত পুলিশ সুপার মোঃ মোস্তাফিজুর রহমান), সহধর্মিণী অতিরিক্ত পুলিশ সুপার ডিএসবি, সহধর্মিণী অতিরিক্ত পুলিশ সুপার সদর সার্কেল, সহধর্মিণী অতিরিক্ত পুলিশ সুপার (সদর), সহধর্মিণী অতিরিক্ত পুলিশ সুপার ভেড়ামারা সার্কেল, সহধর্মিণী সিনিয়র সহকারী পুলিশ সুপার মিরপুর সার্কেল, ও পুনাক কুষ্টিয়ার অন্যান্য সদস্যবৃন্দ।

দর্শনায় ২০ লিটার বাংলা মদ উদ্ধার, আটক ১

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ২০ লিটার বাংলা মদ সহ একজনকে গ্রেফতার করেছে। পুলিশ জানায় রবিবার রাত ১০ টার দিকে মাদক বিরোধী অভিযান চালায় দর্শনা রেল বাজার কাঁচা পট্টিতে।

দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান কাজলের নেতৃত্বে এস আই আঃ রহমান এস আই মোস্তফা কামাল গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্স সহ অভিযান চালায় দর্শনা রেল বাজার কাঁচা পট্টিতে।

এ সময় পুলিশ চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়ের দর্শনা থানার আক্ন্দবাড়িয়া গ্রামের রবিউলের ছেলে বাংলা মদ ব্যাবসায়ী খলিল(৩৫) কে গ্রেফতার করে।

এ ঘটনায় এস আই আঃ রহমান বাদি হয়ে অজ্ঞাত দুইজন সহ তিন জনের বিরুদ্ধে দায়ের করেছে মামলা।

তাকে মাদক আইনে মামলাসহ কোট হাজতে প্রেরন করেছে।

জাতীয় শোক দিবসে জাতীয় পতাকা উত্তোলন করেনি ঝিনাইদহের আল-আরাফা ইসলামি ব্যাংক

সরকারি নির্দেশ অমান্য করে বঙ্গবন্ধুর ৪৬তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবসে জাতীয় পতাকা উত্তোলন করেনি ঝিনাইদহের আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড।

সরকারের নির্দেশনা ছিল জাতীয় শোক দিবসে সকল সরকারি বে-প্রতিষ্ঠান ও ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানে সকালে সূর্য উঠার পর থেকে সূর্য ডোবার আগ পর্যন্ত জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে

হবে।

কিন্তু ঝিনাইদহের ব্যাংকের এই শাখায় কোন পতাকা চোখে পড়েনি। রবিবার (১৫ আগস্ট) দুপুরে এমন অবস্থা দেখে সংশ্লিষ্ট এক কর্মকর্তার কাছে জানতে চাইলে তিনি কোন সদুত্তর দিতে পারেন নি।

বিষয়টি ক্ষতিয়ে দেখার জন্য প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন এলাকাবাসী।

মেহেরপুরে ১৭ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৩

মেহেরপুরে নতুন করে আরও ১৭ জন করোনা আক্রান্ত হয়েছেন। মৃত্যুবরণ করেছেন ৩ জন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ০৭ জন, গাংনীতে ০৮ জন, মুজিবনগর ০২ জন।

রবিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১৫৬ টি। তারমধ্যে ১৭ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৩৬৩ জন। তার মধ্যে সদরে ৭২ জন, গাংনীতে ২০৭ জন এবং মুজিবনগরে ৮৪ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭০ জন । মৃতদের মধ্যে সদরে ৭৮ জন, গাংনী ৫৩ জন ও মুজিবনগরে ৩৯ জন।

এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া,মাস্ক ব্যবহার, জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচি কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।

শোক দিবসে কুষ্টিয়ায় আদ-দ্বীন ওয়েলফার সেন্টারের উদ্যোগে ত্রাণ বিতরণ

দেশে চলমান করোনা পরিস্থিতিতে এবার কর্মহীন, অসহায়, গরীব ও দুস্থ মানুষদের পাশে দাঁড়ালো আদ-দ্বীন ওয়েলফার সেন্টার।

১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের ৪৬ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে কুষ্টিয়ায় আদ-দ্বীন ফাউন্ডেশনের পক্ষ থেকে অসহায়, গরিব-দুঃখী মানুষের মাঝে খাদ্য সহায়তা বিতরণ করা হয়।

রবিবার সকালে আদ-দ্বীন ওয়েলফার সেন্টার কুষ্টিয়া জোনে এ কার্যক্রমের উদ্বোধন করেন আদ-দ্বীন ওয়েলফার সেন্টারের এজিএম মোঃ ইকবাল হোসেন।

করোনায় ক্ষতিগ্রস্ত মানুষদের সহায়তার উদ্দেশ্যে আদ-দ্বীন ওয়েলফার সেন্টার কুষ্টিয়া জেলার ১৬টি শাখা অফিসে ২২০০ জন দুস্থ ও অসহায় মানুষকে সহায়তা প্রদান করা হয়।

আদ-দ্বীন ওয়েলফার সেন্টারের এজিএম মোঃ ইকবাল হোসেন জানান, জাতির পিতা এবং তাঁর পরিবারের শাহাদাত বরণকারী অন্যান্য সদস্যদের আত্মার মাগফেরাতের উদ্দেশ্যে জাতীয় শোক দিবস উপলক্ষে
করোনায় ক্ষতিগ্রস্ত মানুষদের সহায়তার উদ্দেশ্যে আদ-দ্বীন ওয়েলফার সেন্টার কুষ্টিয়া জোনের মাধ্যমে কুষ্টিয়া জেলার ১৬টি শাখা অফিসে ২২০০ জন দুস্থ ও অসহায় মানুষের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়। একই সাথে জাতীয় শোক দিবসে মাসব্যাপী ৬ টি ক্যাম্পের আওতায় ৫০০ রোগীকে বিনামূল্যে ছানি বাছাই ও অপারেশন ক্যাম্প অনুষ্ঠিত হয়। এছাড়াও মাসব্যাপী করোনা রোগীদের চিকিৎসার জন্য অক্সিজেন সিলিন্ডার সেবা অব্যহত রয়েছে বলেও জানান তিনি।

এরআগে কোরআনখানি, বিশেষ দোয়া ও মোনাজাতে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সেই দিন নিহত তার পরিবারের সকল শহীদদের রুহের মাগফিরাত কামনা করা হয়।

হরিণাকুণ্ডুতে বঙ্গবন্ধুর ৪৬তম শাহাদত বাষির্কী ও জাতীয় শোক দিবস পালিত

হরিণাকুণ্ডুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৬ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়েছে। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ নিবেদন, আলোচনা সভা, দোয়া মাহফিল, বৃক্ষরোপণ, যুব ঋণের চেক বিতরণ ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। রবিবার সকালে উপজেলা পরিষদের সামনে বঙ্গবন্ধুর ম্যুরালে উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করা হয়। পরে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পন করে হরিণাকুণ্ডু থানা পুলিশ, হরিণাকুণ্ডু পৌরসভা, মুক্তিযোদ্ধাকমান্ড, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবক লীগসহ উপজেলার বিভিন্ন দপ্তর ও বিভিন্ন শ্রেনীপেশার মানুষ। পরে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ মিলনায়তে নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন সংসদ সদস্যের প্রতিনিধি রওশন আলী, সহকারী কমিশনার ভূমি সেলিম আহম্মেদ, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রহিম মোল্লা, পৌর মেয়র ফারুক হোসেন, উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আফজাল হোসেন, স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক ফিরোজ সালাউদ্দিন প্রমূখ। সভাটি পরিচালনা করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানা। আলোচনা শেষে উপজেলা যুবউন্নয়ন অধিদপ্তর কর্তৃক যুব ঋণের চেক বিতরণ ও উপজেলা প্রশাসন আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠান শেষে ১৫ আগষ্টে নিহতদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে হলিধানী এতিমখানার শিশুদের দিয়ে কোরআন খতম

ঝিনাইদহের হলিধানী ইউনিয়ন পরিষদের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষে আলোচনা সভা, দোয় মাহফিল ও এতিম খানার শিশুদের দিয়ে কোরআন খতমের আয়োজন কর হয়।
রবিবার সকালে ৪নং হলিধানী ইউনিয়ন পরিষদে এই আলোচনা সভা, দোয়া মাহফিল ও এতিমখানার শিশুদের দিয়ে কোরআন খতম করা হয়।
হলিধানী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ মতিয়ার রহমান এর সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন ইউনিয়ন পরিষদের সচিব মোঃ শওকত আলী, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজিজুর রহমান মাস্টার, ঝিনাইদহ সদর থানা যুবলীগের যুগ্ম আহ্বায়ক মোঃ হরুনর রশিদ। এসময় সকল ওয়ার্ডে এর মেম্বার, ইউনিয়ন আওয়ামী লীগের নেতৃবৃন্দসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ।
আলোচনা শেষে ১৫ আগস্টে নিহত বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু ও তার পরিবারের সদস্যদের রুহের মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্টিত হয়।

ঝিনাইদহ হলিধানীতে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও দোয়া

মাহফিল

৪নং হলিধানী ইউনিয়ন পরিষদে গতকাল রবিবার ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালিত ও হলিধানী এতিমখানার শিশুদের দিয়ে কোরআন খতম করা হয়। এসময় বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধুর ও তার পরিবারের সদস্যদের জন্য দোয়া করা হয়। উক্ত অনুষ্ঠান পরিচালনা করেন ৪নং হলিধানী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান মোঃ মতিয়ার রহমান ও পরিষদের সচিব মোঃ শওকত আলী এছাড়াও উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামীলীগের সেক্রেটারি আজিজ মাষ্টর এবং ঝিনাইদহ সদর থানা যুবলীগের যুগ্ম আহ্বায়ক মোঃ হারুনুর রশিদ ও সকল ওয়ার্ড এর মেম্বার, স্থানীয় আওয়ামীলীগের সকল সদস্য ও গন্যমান্য ব্যক্তিবর্গ।

শোক দিবসে কুষ্টিয়ায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে জেলা পুলিশের শ্রদ্ধা নিবেদন

বাঙ্গালী জাতির অবিসংবাদিত নেতা,সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে কুষ্টিয়া জেলার পুলিশ সুপার (এসপি) মোঃ খাইরুল আলম বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেছেন। রবিবার(১৫ আগস্ট) সকাল পোনে ৯ টার দিকে কুষ্টিয়া পুলিশ সুপারের কার্যালয়ে জাতির পিতার প্রতিকৃতিতে তিনি ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করে সূরা ফাতিহা পাঠ করেন।
বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের পর পুলিশ সুপার মোঃ খাইরুল আলম এই মহান নেতার প্রতি সম্মান প্রদর্শন করে সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন।
এ সময় পুলিশের একটি সুসজ্জিত চৌকস দল রাষ্ট্রীয় সালাম জানায় এবং বিউগলে করুণ সুর বেজে ওঠে।
এর আগে সকাল ৮ টায় কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ে বঙ্গবন্ধুর ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পন করেন এসপি মোঃ খাইরুল আলম।এ সময়

কুষ্টিয়া জেলাপ্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম সহ জেলা প্রশাসন ও কুষ্টিয়া জেলা পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
পরে সকাল সাড়ে ৮টায় কুষ্টিয়া মজমপুর বঙ্গবন্ধুর ম্যুরালে পুস্পস্তবক অর্পন করেন তিনি।
পুষ্পস্তবক অর্পণের পর স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারবর্গ সহ ১৫ আগস্ট শাহাদত বরন কারী সকল শহীদদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। মোনাজাতে দেশের অব্যাহত, শান্তি ও সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করা হয়।
এ সময় আরও উপস্থিত ছিলেন,কুষ্টিয়া জেলার অতিরিক্ত পুলিশ সুপার(প্রশাসন ও অপরাধ) মোঃ মোস্তাফিজুর রহমান,অতিরিক্ত পুলিশ সুপার(জেলা বিশেষ শাখা) মোঃ ফরহাদ হোসেন খাঁন,অতিরিক্ত পুলিশ সুপার সদর সার্কেল মোঃ আতিকুল ইসলাম,অতিরিক্ত পুলিশ সুপার সদর মোঃ রাজিবুল ইসলাম,ডিআইও -১,আর আই সহ জেলা পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা।

জাতীয় শোক দিবস উপলক্ষে কুষ্টিয়া সদর উপজেলায় আলোচনা সভা অনুষ্ঠিত

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের এর ৪৬ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে কুষ্টিয়া সদর উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা প্রশাসন এ অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা।

এসময় তিনি বলেন, বঙ্গবন্ধু ছিলেন নিরহংকার, সাদামাটা মানুষ।তিনি অনেক বড় মাপের মানুষ হওয়া সত্ত্বেও সাধারণ জীবনযাপন করতেন।

বঙ্গবন্ধুর আদর্শ মতো আমাদেরকে চলতে হবে। তাঁর আদর্শ ধারণ করতে হবে।ব্যক্তি শেখ মুজিব কি জিনিস ছিলেন সেটাও ধারণ করতে হবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাধন কুমার বিশ্বাস।

পরে দোয়া মোনাজত শেষে মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে নারী উদ্যোক্তাসহ অসহায় মানুষের মাঝে নগদ অর্থ ও চেক বিতরণ করেন অতিথিবৃন্দ।

এসময় কুষ্টিয়া সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) মহায়মিন আল জিহান, সদর উপজেলা মহিলা বিষয়ক অফিসার মর্জিনা খাতুনসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।